মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৮৮২২ তারিখ : ০৮-১০-২০২৪ খ্রি.

বিষয় : অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : ক) গত ০৪-১০-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৬তম সভার আলোচ্যসূচির ০১ (এক) নং ক্রমিকের সিদ্ধান্ত।
খ) প্রধান শিক্ষক জনাব শেখ সেলিম হোসেন-এর গত ২৯ ০১-২০২৪ তারিখের অনলাইন আবেদন (আইডি-২৪৬২০)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪-১০-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৬তম সভার ৮৬(২) নং আলোচ্যসূচির ০১ (এক) নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন **মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের** সাময়িক বরখাস্তকৃত **সহকারী শিক্ষক** জনাব শম্পা গোস্বামী-এর (সমাজ) বিরুদ্ধে বাদী কর্তৃক আনীত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাক্ষরিত
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
০২৪৭৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৮৮২২(৭) তারিখ : ০৮-১০-২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, সাতক্ষীরা।
৩। প্রধান শিক্ষক জনাব শেখ সেলিম হোসেন, মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৪। সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব শম্পা গোস্বামী, মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৫। অফিস কপি।

০৮-১০-২০২৪
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

# মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর-কালিগঞ্জ, উপজেলা-কালিগঞ্জ, জেলা-সাতক্ষীরা।

স্থাপিত ঃ ১৮৯৪ ইং

বোর্ড কোড ঃ ৫০০২, ব্যানবেইস কোড ঃ ৬১০৪০৭১৩০১, ই,আই,আই,এন-১১৮৭৩৮

E-mail : m_m_s_s@yahoo.com

স্মারক সংখ্যা ঃ মোমেমাবি ০৩/২০২৪ তারিখ ঃ ২০/০১/২০২৪

প্রেরক ঃ প্রধান শিক্ষক/সম্পাদক

শেখ সেলিম হোসেন

মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা।

প্রাপক ঃ বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয় ঃ স্থায়ী বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র ঃ অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভার রেজুলেশন বার নং- ০১/২০২৪ তাং- ০৩/০১/২০২৪ ইং, সময় ঃ ১১.০০ ঘটিকা, স্থান- মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (সমাজ) শম্পা গোস্বামী, ইনডেক্স নং- K ১০১৭৭২৪ গত ইং ১৮/০৫/২০২৩ তারিখ থেকে অদ্যাবধি অত্র বিদ্যালয়ের কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অনুপস্থিত। যাহা বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের বিধি সম্মত নহে। বিদ্যালয়ে তাঁহার অনুপস্থিতি শিক্ষার্থীদের অপূরণীয় ক্ষতি যা শিক্ষার্থীদের আবেদনের মাধ্যমে প্রমাণিত। বিধায় বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সাময়িক বরখাস্তের বিধি অনুসরণ পূর্বক অত্র বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটির ১৮/২০২৩ নং রেজুলেশন তারিখ- ২৯/১১/২০২৩ ইং এর সিদ্ধান্ত মোতাবেক তাঁহাকে সাময়িক (অস্থায়ী) বরখাস্ত করা হয়। সাময়িক (অস্থায়ী) বরখাস্তের বিধি অনুসরণ পূর্বক যাবতীয় রেকর্ড আবেদনের সাথে সংযুক্তি করা হয়েছে। অধিকন্তু তিনি কর্তৃপক্ষের যাবতীয় বিধি উপেক্ষা করিয়া অদ্যাবধি বিদ্যালয়ে অনুপস্থিত। বিধায় অত্র বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটির ০১/২০২৪ নং রেজুলেশন তারিখ- ০৩/০১/২০২৪ ইং অনুযায়ী বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের বিধি অনুসরণ পূর্বক তাঁহাকে স্থায়ী বরখাস্তের জন্য আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সুপারিশ ও মাধ্যমিক, উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর এর অনুমোদনের আশু প্রয়োজন।

এমতাবস্থায় মহোদয়ের নিকট প্রার্থনা আপনি উপরে উল্লেখিত তথ্যাবলী বিবেচনা ও সংযুক্তি রেকর্ড সমূহ পর্যবেক্ষণ পূর্বক সহকারী শিক্ষক শম্পা গোস্বামীকে ইনডেক্স নং- K ১০১৭৭২৪ স্থায়ী বরখাস্তের জন্য আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সুপারিশ ও উক্ত শিক্ষা বোর্ড যশোর এর অনুমোদন করত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে মহোদয়ের মর্জি হয়।

সংযুক্তি ঃ

১। ৩টি শোকজ লেটারের সত্যায়িত ফটোকপি।

২। মৌখিক শুনানির সত্যায়িত ফটোকপি।

৩। শম্পা গোস্বামী কর্তৃক ২পৃষ্ঠা ব্যাপি লিখিত জবাবের কপি।

৪। লিখিত জবাব ও মৌখিক শুনানীর জন্য তদন্ত কমিটি কর্তৃক প্রেরিত রিপোর্টের কপি।

৫। শিক্ষক হাজিরা খাতার সত্যায়িত ফটোকপি।

৬। সাময়িক (অস্থায়ী) বরখাস্তের আবেদনের সত্যায়িত ফটোকপি।

৭। শিক্ষার্থীদের আবেদনের কপি।

৮। যাবতীয় রেজুলেশনের বার কপি।

৯। এম পি ও সত্যায়িত কপি।

১০। প্রেরনা নামক লাভজনক প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টতার তথ্যাদি।

১১। প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক ও নিরাপত্তাকর্মীর অনুকূলে ১১/২৩ দিন আপিলের প্রেরণের বাতের কপি।

বিনীত

শেখ সেলিম হোসেন ২০/০১/২০২৪

প্রধান শিক্ষক

মোজাহার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়

কালিগঞ্জ, সাতক্ষীরা।

শেখ সেলিম হোসেন

প্রধান শিক্ষক

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইলো ঃ

১। সচিব মহোদয়, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা।

৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

৬। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।

৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৯। অফিস কপি।